দৈনিক
ইনকিলাব

তারিখ 25 APR 2007
পৃষ্ঠা 12 কলাম ৫

# শিক্ষক সমাজ দায়িত্ব পালনে ব্যর্থ হলে জাতি বিপথগামী হবে

—প্রেসিডেন্ট

স্টাফ রিপোর্টার

প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ বলেছেন, সমাজের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে আমাদের বিশ্ববিদ্যালয়গুলো যোগ্য ও দক্ষ মানবসম্পদ গড়ার ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এক্ষেত্রে তিনি শিক্ষক সমাজের ভূমিকার ওপর গুরুত্বারোপ করে বলেন, শিক্ষকরা সমাজ এবং জাতি গঠনের সত্যিকার কারিগর। শিক্ষক সমাজ দায়িত্ব পালনে ২-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## শিক্ষক সমাজ দায়িত্ব

১২-এর পৃষ্ঠার পর

ব্যর্থ হলে জাতি বিপথগামী হবে। শিক্ষকতা শুধু পেশা নয়, এটা তরুণ প্রজন্মকে প্রশিক্ষিত করে জাতি গঠনের মহান এক দায়িত্বপূর্ণ কাজ। তাই একজন শিক্ষককে পেশাদারিত্ব, দায়িত্বশীলতা, জীবনের মূল্যবোধের ধারক ইত্যাদি মানবিক গুণাবলী অর্জন করতে হবে। শিক্ষার্থীদের নৈতিক মান অর্জনে পরিবার ও সমাজকেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। তিনি দেশের বিশাল জনশক্তির কথা উল্লেখ করে বলেন, এ প্রজন্মকে শিক্ষিত ও দক্ষ করে দেশে এবং বিদেশে কর্মসংস্থান করার উপযোগী হিসেবে গড়ে তুলতে না পারলে তা আমাদের জন্য অভিশাপ হিসেবে দেখা দেবে।

প্রেসিডেন্ট গতকাল (মঙ্গলবার) বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে নর্দান ইউনিভার্সিটির প্রথম সমাবর্তন অনুষ্ঠানে এ কথা বলেন। প্রেসিডেন্ট বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর হিসেবে সমাবর্তন অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. ইফতেখার আহমেদ চৌধুরী এবং সমাবর্তন বক্তা হিসেবে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. সালেহউদ্দিন আহমেদ বক্তব্য রাখেন। এছাড়া সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নর্দান ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. এম শামসুল হক ও বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ এম আবু বকর সিদ্দিক।

ড. ইয়াজউদ্দিন আহমেদ বলেন, শিক্ষাই একটি জাতির অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে সামাজিক অগ্রগতির মৌলিক ভিত্তি তৈরী করে থাকে। এ প্রেক্ষিতে দেশের উন্নয়ন উপযোগী নতুন দিগদর্শন দেয়ার ব্যাপারে বিশ্ববিদ্যালয়গুলোর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রেসিডেন্ট নতুন ডিগ্রীপ্রাপ্তদের কর্মজীবনের সফলতা কামনা করে সমাজ, রাষ্ট্র এবং জাতির প্রতি তাদের দায়িত্ব পালনের পরামর্শ দেন। তিনি কর্মজীবনে আরো দক্ষতার সাথে দায়িত্ব পালনের জন্য তাদের প্রতি আহ্বান জানান



ঢাকায় বাংলাদেশ-চীন মৈত্রী কেন্দ্রে গতকাল নর্দার্ন ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর প্রথম সমাবর্তন অনুষ্ঠানে পদকপ্রাপ্ত কৃতী ছাত্র-ছাত্রীদের মাঝে প্রেসিডেন্ট ড. ইয়াজউদ্দিন আহমেদ